সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৪১৩ তারিখ: ২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮৯৬ তম কমিশন সভা অদ্য ১১/০১/২০২৪ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

১। কমিশন অদ্যকার সভায়, Reneta Limited এর ৬৬০.১৫ কোটি টাকার ১(এক) হতে ৫ (পাঁচ) বছর মেয়াদী Secured, Non-convertible, Fully Redeemable, Zero Coupon Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। বন্ডটি ব্যাংক, নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান, ইন্স্যুরেন্স কোম্পানী, প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী এবং উচ্চ সম্পদশালী ব্যক্তিদেকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে কোম্পানিটি তার বর্তমান ব্যাংক ঋণ পরিশোধ করবে। প্রতিটি বন্ডের অভিহিত মূল্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা। বন্ডটির Trustee এবং Fund Arranger হিসাবে যথাক্রমে BRAC EPL Investments Limited এবং City Bank Capital Resources Limited কাজ করছে। এছাড়াও উক্ত বন্ডটিকে Alternative Trading Board এ অন্তর্ভূক্ত করার জন্য শর্তারোপ করা হয়।

২। পুঁজিবাজারের মাধ্যমে রিয়েল এস্টেট সেক্টরে অর্থায়নের সুযোগ সৃষ্টি এবং বিনিয়োগের নতুন ক্ষেত্র উন্মোচনের লক্ষ্যে অদ্য ১১ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত কমিশনের ৮৯৬ তম সভায় Bangladesh Securities and Exchange Commission (Real Estate Investment Trust Fund) Rules, 2024 নামক একটি নতুন বিধিমালার খসড়া অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত খসড়া বিধিমালার উপর সংশ্লিষ্ট সকলের মতামত, পরামর্শ বা আপত্তি আহ্বান করে দেশের বহুল প্রচারিত অন্যূন দুইটি বাংলা এবং একটি ইংরেজী দৈনিক পত্রিকায় প্রকাশেরও সিদ্ধান্ত গৃহীত হয়।

11-01-2024

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র